যুগান্তর

FEB. 06 2002

তারিখ ...
পৃষ্ঠা ১০ কলাম ৩

### পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

# প্রজ্ঞাপন জারি না হওয়ায় ছাত্রছাত্রীরা পড়েছে বিপাকে

**দুমকি প্রতিনিধি**

প্রজ্ঞাপন জারি না হওয়ায় পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২৫০ জন ছাত্রছাত্রী বিপাকে পড়েছে। দু' ব্যাচের শিক্ষার্থীদের ভবিষ্যৎ অনিশ্চিত হয়ে পড়েছে। ভর্তির ২০ মাস চলে গেলেও ১৯৯৯-২০০০ শিক্ষাবর্ষের শিক্ষার্থীরা এখনও প্রথম বর্ষে অবস্থান করছে। ২০০০-২০০১ সেশনের ক্লাস নিয়ে দেখা দিয়েছে অনিশ্চয়তা। ৮ জুলাই '৯৯ তারিখে তৎকালীন প্রধানমন্ত্রী শেখ হাসিনা পটুয়াখালী কৃষি কলেজকে বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে উন্নীত করে ভিত্তিপ্রস্তর স্থাপন করেন। সংসদে বিশ্ববিদ্যালয় বিল পাস হলেও প্রশাসনিক জটিলতায় আজও প্রজ্ঞাপন হয়নি। অথচ কর্তৃপক্ষ প্রতি সেশনেই ১২৫ জন করে ছাত্রছাত্রী ভর্তি করে চলেছেন।

এদিকে ভবিষ্যৎ অনিশ্চয়তা দেখা দেয়ায় শিক্ষার্থীরা ধরনা দিচ্ছে কর্তৃপক্ষসহ মন্ত্রণালয় পর্যন্ত। বারবার স্মারকলিপি প্রদানসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের সঙ্গে সাক্ষাতে কোন ফল হয়নি। মন্ত্রীসহ সংশ্লিষ্টদের আশ্বাসে অতিবাহিত হচ্ছে মাসের পর মাস। হতাশাগ্রস্ত হয়ে প্রায়ই ক্যাম্পাসে বিক্ষোভ হচ্ছে। সম্প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী পটুয়াখালীর এক সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্যকালে বলেন, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অন্যত্র স্থানান্তর এবং কৃষি কলেজকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তর করা হবে। এ বক্তব্যে শিক্ষার্থীরা ক্যাম্পাস এলাকায় প্রায় ২ ঘণ্টাব্যাপী বিক্ষোভ প্রদর্শন করে। বিক্ষুব্ধদের মধ্যে উত্তেজনা বিরাজ করছে। ছাত্রছাত্রীরা জানায়, সমস্যার সমাধান না হওয়া পর্যন্ত তারা আন্দোলন অব্যাহত রাখবে।